

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা) এফ-৪/এ, আগারগাঁও
প্রশাসনিক এলাকা, ঢাকা

১৩/১০/২০২২ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার কার্যবিবরণী

সভাপতি	মরতুজা আহমদ প্রধান তথ্য কমিশনার
সভার তারিখ	১৩/১০/২০২২ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০.৩০ টা
স্থান	ভার্চুয়াল
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হলো।

সভার শুরুতেই সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে তথ্য কমিশনের পরিচালক (গ.প্র.প্র.) ২০২২-২০২৩ অর্থবছরের জন্য তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে বিভাগীয় পর্যায়ে জনঅবহিতকরণ সভা, জেলা ও উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ ও জনঅবহিতকরণ সভার কার্যক্রমের কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। তিনি সবাইকে অবহিত করেন যে, ২০২২-২০২৩ অর্থবছরে তথ্য কমিশনের প্রশিক্ষণ ব্যয় উপধাতে মোট বাজেট বরাদ্দ ১,৬১,০০,০০০/- (এক কোটি একষট্টি লক্ষ) টাকা। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ কর্তৃক গত ০৩ জুলাই, ২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯.০১ নং স্মারক মূলে ২০২২-২০২৩ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় দেশের অভ্যন্তরে প্রশিক্ষণের ক্ষেত্রে '৩২৩১৩০১-প্রশিক্ষণ' খাতে (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতিত) বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে; এবং বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুনঃ উপযোজন করা যাবে না মর্মে একটি পরিপত্র জারি করা হয়। প্রধান তথ্য কমিশনার মহোদয় জানান যে, যেসকল জেলার জেলাধীন সকল উপজেলায় গত ০৫ (পাঁচ) বছর পূর্বে প্রশিক্ষণ কর্মসূচি ও জনঅবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে সেসকল জেলাকে প্রশিক্ষণের জন্য বিবেচনায় নেয়া যেতে পারে। যেহেতু মোট বাজেটের ৫০% ব্যয়ের বাধ্যবাধকতা রয়েছে সে হিসেবে নির্ধারিত বাজেটে মধ্যে যেসকল জেলাকে অন্তর্ভুক্ত করা যায় তা বিবেচনায় নিয়ে অন্যান্য কিছু জেলাসমূহকে চলতি অর্থবছরের সংশোধিত বাজেট সংকুলান/প্রাপ্তি সাপেক্ষে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে আলোচনা হয়। তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম এনডিসি ও ডক্টর আবদুল মালেক মহোদয় উক্ত প্রস্তাবে একমত পোষণ করেন। এছাড়াও উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত- ০১: ২০২২-২০২৩ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের '৩২৩১৩০১-প্রশিক্ষণ' খাতে বরাদ্দকৃত অর্থের খরচের পরিমাণ ৫০% অথবা বাস্তবতার নিরীখে তার সামান্য কিছু বেশী ব্যয় করা হবে।

সিদ্ধান্ত- ০২: চলতি অর্থবছরে প্রশিক্ষণার্থীদের জন্য জুট ব্যাগ প্রস্তুত করা হবে না তবে অন্যান্য প্রশিক্ষণ উপকরণ প্রস্তুত ও প্রদান করা হবে।

সিদ্ধান্ত- ০৩: নিম্নোক্ত বিভাগ ও জেলাসমূহকে ২০২২-২০২৩ অর্থবছরে প্রশিক্ষণ পরিকল্পনার আওতায়ভুক্ত করে চলতি ২০২২-২০২৩ অর্থবছরের জন্য ৮৭,৪১,০০০/- (সাতাশ লক্ষ একচল্লিশ হাজার) টাকার বাজেটসহ প্রশিক্ষণ কর্মপরিকল্পনা অনুমোদন করা হলো (২০২২-২৩ অর্থবছরের প্রশিক্ষণ পরিকল্পনা)।

ক্রমিক	বিভাগের নাম	টার্গেটভুক্ত জেলাসমূহ	উপজেলার সংখ্যা	সম্ভাব্য মাসের নাম	মন্তব্য
০১	ঢাকা	রাজবাড়ী	০৫টি	-	জেলার সকল উপজেলা
০২	রাজশাহী	সিরাজগঞ্জ	০৯টি	-	জেলার সকল উপজেলা
		পাবনা	০৯টি	-	জেলার সকল উপজেলা

০৩	বরিশাল	ভোলা	০৭টি	-	জেলার সকল উপজেলা
০৪	চট্টগ্রাম	খাগড়াছড়ি	০৯টি	-	জেলার সকল উপজেলা
০৫	রংপুর	রংপুর	০৮টি	-	জেলার সকল উপজেলা
		লালমনিরহাট	০৫টি	-	জেলার সকল উপজেলা
০৬	সিলেট	হবিগঞ্জ	০৯টি	-	জেলার সকল উপজেলা
সর্বমোটঃ	০৬টি	০৮টি	৬১টি	-	

সিদ্ধান্তঃ ০৪। বাজেট সংকুলান সাপেক্ষে নিম্নোক্ত জেলাগুলোকে প্রশিক্ষণ কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হলো।

ক্রমিক	বিভাগের নাম	জেলার নাম	উপজেলার সংখ্যা	মন্তব্য
০১	খুলনা	বাগেরহাট	০৯টি	জেলার সকল উপজেলা
		কুষ্টিয়া	০৬টি	জেলার সকল উপজেলা
০২	ময়মনসিংহ	ময়মনসিংহ	১৩টি	জেলার সকল উপজেলা
০৩	চট্টগ্রাম	লক্ষীপুর	০৫টি	জেলার সকল উপজেলা
সর্বমোটঃ	০৩টি	০৪টি	৩৩টি	

অতঃপর, আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মরতুজা আহমদ
প্রধান তথ্য কমিশনার

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৪.২০.২৭১

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯

১৬ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ২) পরিচালক, পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ৩) প্রকল্প পরিচালক, তথ্য কমিশন ভবন নির্মাণ, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ৪) একান্ত সচিব, প্রধান তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ৫) একান্ত সচিব, তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ৬) সহকারী পরিচালক, সহকারী পরিচালক(প্রশিক্ষণ), তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ৭) একান্ত সচিব, তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ৮) সহকারী পরিচালক, হিসাব ও বাজেট শাখা, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ৯) গবেষণা কর্মকর্তা, গবেষণা কর্মকর্তা এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ১০) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ কর্মকর্তা এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ১১) সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ১২) ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক(প্রশাসন, অর্থ ও আইটি) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা



মো: মাহবুলুল আহসান
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)